

# ■■ সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৪]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

#### আরবী

أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ فَضَالَةَ بْن إِبْرَاهِيمَ، قال: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزيدَ الْمُقْرِئُ. ح وَأَنْبَأَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْن يَزِيدَ، قال: حَدَّثَنَا أَبِي، قال: حَدَّثَنَا حَيْوَةُ، وَذَكَرَ آخَرَ، قَالَا: حَدَّثَنَا أَبُو الْأَسْوَدِ، أَنَّهُ سَمِعَ عُرْوَةَ بْنَ الزُّبَيْرِ يُحَدِّثُ، عَنْمَرْوَانَ بْنِ الْحَكَم، أَنَّهُ سَأَلَ أَبَا هُرَيْرَةَ هَلْ صَلَّيْتَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْف ؟ فَقَالَ أَبُو هُرَيْرَةَ: نَعَمْ، قَالَ: مَتَى ؟ قَالَ: عَامَ غَزْوَةِ نَجْدِ: قَامَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِصلَاةِ الْعَصرْر وَقَامَتْ مَعَهُ طَائِفَةٌ وَطَائِفَةٌ أُخْرَى مُقَابِلَ الْعَدُقِ وَظُهُورُهُمْ إِلَى الْقِبْلَةِ، فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَبَّرُوا جَمِيعًا الَّذينَ مَعَهُ وَالَّذينَ يُقَابِلُونَ الْعَدُقّ، ثُمَّ رَكَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَاحِدَةً وَرَكَعَتْ مَعَهُ الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ ثُمَّ سَجَدَ وَسَجَدَت الطَّائِفَةُ الَّتِي تَلِيهِ، وَالْآخَرُونَ قِيَامٌ مُقَابِلَ الْعَدُقِ، ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَامَت الطَّائِفَةُ الَّتِي مَعَهُ فَذَهَبُوا إِلَى الْعَدُق فَقَابَلُوهُمْ وَأَقْبَلَت الطَّائِفَةُ الَّتِي كَانَتْ مُقَابِلَ الْعَدُّقِ فَرَكَعُوا وَسَجَدُوا وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ كَمَا هُوَ، ثُمَّ قَامُوا فَرَكَعَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً أُخْرَى وَرَكَعُوا مَعَهُ وَسَجَدَ وَسَجَدُوا مَعَهُ، ثُمَّ أَقْبَلَت الطَّائِفَةُ الَّتِي كَانَتْ مُقَابِلَ الْعَدُقِ فَرَكَعُوا وَسَجَدُوا وَرَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاعِدٌ وَمَنْ مَعَهُ، ثُمَّ كَانَ السَّلَامُ فَسَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمُوا جَمِيعًا فَكَانَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَانِ وَلِكُلّ رَجُل مِنَ الطَّائِفَتَيْن رَكْعَتَان رَكْعَتَان .

تخريج دارالدعوه: سنن ابى داود/الصلاة ۲۸۳ (۱۲۳۰)، (تحفة الأشراف: ۱۳٦۰٦)، مسند احمد ۲/۳۲۰ (صحيح)



# صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1544 \_ صحيح

বাংলা

১৫৪৩. উবায়দুল্লাহ ইবনু ফাযালাহ ইবনু ইবরাহীম (রহ,) ..... মারওয়ান ইবনু হাকাম (রহ,) হতে বর্ণিত। তিনি আবু হুরায়রাহ (রাঃ)-কে প্রশ্ন করলেন যে, আপনি কি রসুলুল্লাহ (সা.) -এর সাথে ভয়কালীন সালাত আদায় করেছিলেন? তখন আবু হুরায়রাহ (রাঃ) বললেন, হ্যা। তিনি জিঞ্জেস করলেন, কখন? তিনি বললেন, নাজদের জিহাদের বৎসর। রসুলুল্লাহ (সা.) 'আসরের সালাতে দাঁড়ালেন এবং তার সাথে একটি দল দাঁড়াল। আর অন্য দল শক্রর মুখোমুখি দাঁড়িয়ে গেল। আর তাদের পিঠ কিবলার দিকে ছিল। তখন রস্লুল্লাহ (সা.) তাকবীর বললেন। যারা তাঁর সাথে ছিল তারাও সকলে তাকবীর বলল। আর যারা শত্রুর মুখোমুখি ছিল তারাও। অতঃপর রস্লুল্লাহ (সা.) একটি রুকু আদায় করলেন এবং যারা তার সাথে ছিল তারাও তার সাথে একটি রুকু আদায় করল। তারপর তিনি সাজদাহ করলেন এবং যে দল তার সাথে ছিল তারাও সাজদাহ করল। আর দ্বিতীয় দল শত্রুর মুখোমুখি দাঁড়িয়ে রইল। তারপর রস্লুল্লাহ (সা.) দাড়িয়ে গেলেন এবং যে দল তার সাথে ছিল তারাও দাড়িয়ে গেল, শত্রুর অভিমুখে চলে গেল এবং তাদের মুখোমুখি হলো। আর যে দল শত্রুর মুখোমুখি ছিল তারা আসলো এবং রুকু ও সাজদাহ করল। আর রসুলুল্লাহ (সা.) যেমন ছিলেন তেমনি দাড়িয়ে রইলেন। অতঃপর তারাও দাঁড়িয়ে গেল তো রস্লুল্লাহ (সা.) দ্বিতীয় আরও একটি রুকু করলেন, আর তারাও তার সাথে একটি রুকু করল এবং তিনি সাজদাহ করলেন আর তারাও তার সাথে সাজদাহ করল। অতঃপর ঐ গ্রুপ আসলো যারা শত্রুর মুখোমুখি ছিল, তারা রুকু করল ও সাজদাহ করল। আর রস্লুল্লাহ (সা.) এবং যারা তার সাথে ছিল তারা বসে থাকল। তারপর সালাম ফিরানো বাকী থাকলে রসুলুল্লাহ (সা.) সালাম ফিরালেন এবং সকলেই সালাম ফিরালো। তখন রসূলুল্লাহ (সা.) -এর দু' রাক'আত আদায় হয়েছিল আর উভয়

দলের প্রত্যেকেরও দু' দু' রাক'আত আদায় হয়েছিল।

### **English**

It was narrated from Marwan bin Al-Hakam that: He asked Abu Hurairah: Did you offer the fear prayer with the Messenger of Allah (ﷺ)? Abu Hurairah said: Yes. He asked: When? He said: In the year of the campaign to Najd. The Messenger of Allah (ﷺ) stood up to pray 'Asr and a group stood with him, and another group as facing the enemy, with their backs toward the Qiblah. The Messenger of Allah (ﷺ) said the takbir, and they all said the takbir, those who were with him and those who were with him facing the enemy. Then the Messenger of Allah (ﷺ) bowed once and the group that was with him bowed, then he and the group that was with him prostrated twice, while the others were standing facing the enemy. Then the Messenger of Allah (ﷺ) stood up and the group that was with him stood and went to



face the enemy, and the group that had been facing the enemy came and bowed and prostrated while the Messenger of Allah (\*\*) was standing there. Then they stood up, and the Messenger of Allah (\*\*) bowed again, and they bowed and prostrated with him. Then the group that had been facing the enemy came and bowed and prostrated, while the Messenger of Allah (\*\*) and those who were with him were sitting. Then the Messenger of Allah (\*\*) said the taslim and they all said the taslim. So the Messenger of Allah (\*\*) had prayed two rak'ahs and each of the two groups had prayed two rak'ahs.

#### ফুটনোট

সহীহঃ আবু দাউদ ১২৪৬, মুসনাদে আহমাদ ৮২৪৩, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৬১, সহীহ আবু দাউদ ১১২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মারওয়ান ইবনু হাকাম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন